দৈনিক ইনকিলাব

২৩/১/২০০৩

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ১ ......

# ভিসি দুর্গাদাসের অনিয়ম ও দুর্নীতি তদন্ত করে তা জনসমক্ষে প্রকাশ করুন

## ঢাবি ১৬৬ শিক্ষক

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৬৬ জন শিক্ষক গতকাল (বুধবার) এক বিবৃতিতে বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি পদ থেকে প্রফেসর দুর্গাদাস ভট্টাচার্যকে অপসারণের ঘটনাকে এ দেশের একটি মুখচেনা মহল যেভাবে সাম্প্রদায়িক রূপ দেবার চেষ্টা করছে, তা শুধু ন্যক্কারজনক ও ঘৃণ্যই নয়, সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতিকে অস্থিতিশীল করার অপপ্রয়াসও বটে। বিবৃতিতে শিক্ষকবৃন্দ এর তীব্র নিন্দা জানিয়ে প্রফেসর দুর্গাদাসের সময়কালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনিয়ম ও দুর্নীতি তদন্ত করে জনসমক্ষে তা প্রকাশ করার জন্য তত্ত্বাবধায়ক সরকারের প্রতি জোর দাবী জানান।

বিবৃতিতে বলা হয়, প্রফেসর দুর্গাদাসের মতো একাডেমিক নিম্নমানের ব্যক্তিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে কিভাবে নিয়োগ দেয়া হয়েছিল, তাই এক বিস্ময়ের বিষয়। আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য বলেই তাকে এ পদে অধিষ্ঠিত করে পুরস্কৃত করা হয়েছিল কিনা, সঙ্গতকারণেই সে প্রশ্ন দেখা দেয়। ভিসি পদে অধিষ্ঠিত হবার পর অতি অল্পসময়ের মধ্যে তিনি তার নিয়োগকারীদের আকাঙ্ক্ষা পূরণে ব্যাপৃত হন। দেশের সকল কলেজের প্রশাসনে রাজনৈতিক প্রভাব বিস্তার করতে লিপ্ত ছিলেন তিনি।

বিবৃতিতে স্বাক্ষর করেন ঃ প্রফেসর মাহমুদ-উল-আমীন, প্রফেসর ওয়াকিল আহমদ, প্রফেসর এস এম এ ফায়েজ, প্রফেসর মোহাম্মদ আসাদুজ্জামান, প্রফেসর মোঃ খলিলুর রহমান, প্রফেসর কে এম সাইফুল ইসলাম, প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী, প্রফেসর জেড এন তাহমিদা বেগম, জনাব ফেরদৌস হোসেন প্রমুখ।